

## বাঞ্ছারামপুরে বই পায়নি ২৩ হাজার শিক্ষার্থী

সাব্বির আহমেদ সুবীর, বাঞ্ছারামপুর •  
ব্রাহ্মণবাড়িয়ার বাঞ্ছারামপুর উপজেলার ১৭৮টি প্রাথমিক বিদ্যালয় ও  
কিন্ডারগার্টেনের চতুর্থ এবং পঞ্চম শ্রেণির ২৩ হাজার শিক্ষার্থী এখনো তিন  
বিষয়ের নতুন বই পায়নি। এক সপ্তাহ পেরিয়ে গেলেও নতুন বই না পাওয়ায়  
শিক্ষার্থীরা অনেকটা হতাশায় রয়েছে।

বাঞ্ছারামপুর উপজেলা শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, ২০১৬ সালে  
উপজেলার ১৩১টি সরকারি প্রাথমিক বিদ্যালয় ও ৪৭টি কিন্ডারগার্টেনের বই  
বিতরণের জন্য প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত ৬২ হাজার ২৪৫ শিক্ষার্থীর ২ লাখ  
৮৮ হাজার ৬৬০ পিস বইয়ের চাহিদাপত্র পাঠায় শিক্ষা অফিস। গত ১২ নভেম্বর  
থেকে ২০ ডিসেম্বর পর্যন্ত ২ লাখ ২০ হাজার ২০০ বই এসে পৌঁছেছে। চতুর্থ ও  
পঞ্চম শ্রেণির বাংলা, ইংরেজি এবং অঙ্ক বিষয়ের সব বই এলেও বাংলাদেশ ও বিশ্ব  
পরিচিতি, প্রাথমিক বিজ্ঞান, ইসলাম ও নৈতিক শিক্ষা, হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা  
বিষয়ে ৬৬ হাজার ৬৯০ পিস বই গতকাল বৃহস্পতিবারও এসে না পৌঁছায় তিন  
বিষয়ের বই পায়নি চতুর্থ ও পঞ্চম শ্রেণির ২৩ হাজার ২৩০ শিক্ষার্থী।

এ বিষয়ে বাঞ্ছারামপুর উপজেলা শিক্ষা কর্মকর্তা ফাতেমা নাসরিন জানান,  
এখনো চতুর্থ ও পঞ্চম শ্রেণির তিন বিষয়ের পুরো বই এসে পৌঁছেনি। বই সংকটের  
कारणे ছাত্রছাত্রীর অভিভাবকরা আমাদের সঙ্গে নিয়মিত যোগাযোগ করছেন।  
আশা করছি আগামী সপ্তাহের মধ্যে বইগুলো এসে পৌঁছবে।

এ বিষয়ে ব্রাহ্মণবাড়িয়া জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা শুব্রত কুমার  
ভৌমিকের মুঠোফোনে যোগাযোগ করা হলে তিনি জানান, আশা করি দু-এক  
দিনের মধ্যে বাকি বইগুলো এসে যাবে। আমি এ বিষয়ে ঢাকায় যোগাযোগ করছি।